# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

**স্মারক নং-** ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-৭৪ 

**তারিখঃ** ০১ কার্তিক ১৪৩১ / ১৭ অক্টোবর ২০২৪

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের অক্টোবর ২০২৪ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ২৪-১০-২০২৪ খ্রিঃ তারিখ রোজ- বৃহস্পতিবার, সকাল ১১:৩০ টায় উপজেলা পরিষদ সভা কক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।

২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও

৩। বিবিধ।

১৭.১০.২০২৪

**(মোঃ রমিজ আলম)**
**উপজেলা নির্বাহী অফিসার**
**ও**
**প্রশাসক**
**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

১৭.১০.২০২৪

**বিতরণ : কার্যার্থে :**

১। ..............................................................., পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ..................................................., (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। ..................................................................।

**স্মারক নং-** ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-৭৪

**তারিখঃ** ০১ কার্তিক ১৪৩১ / ১৭ অক্টোবর ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।

২। অফিস কপি।

**(মোঃ রমিজ আলম)**
**উপজেলা নির্বাহী অফিসার**
**ও**
**প্রশাসক**
**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উমাস/অক্টোবর ২০২৪

## ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের স্বাক্ষর

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ.পি. → [signature] ২৪/১০/২৪

২. চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউ.পি. → [signature]

৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি. → [signature]

৪. চেয়ারম্যান, ৪ নং সৈয়দপুর ইউ.পি. → [signature]

৫. চেয়ারম্যান, ৫ নং পীরগঞ্জ ইউ.পি. → [signature]

৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি. → [signature] ২৪/১০

৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. → [signature]

৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ.পি. → [signature] ২৪/১০/২৪

৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি. → [signature] 24.10.2024

১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ.পি. →

১১। স

তারিখ: ২৪-১০-২০২৪ খ্রি.
সময়: ১১-৩০টা।

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যবৃন্দের স্বাক্ষর:

| ক্র:নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | ডা: মো: আব্দুল জব্বার | |
| ২ | মো: শাহিন খোকন চেয়ারম্যান [illegible] | |
| ৩। | মো: গোলাম মোস্তফা চেয়ারম্যান-২নং [illegible] | |
| ৪। | মো: আশরাফ আলী, হিসাবরক্ষক, মহিলা বিষয়ক অফিস | |
| ৫। | মো: নাহিদ হাসান, এসএই, উপজেলা পরিসংখ্যান অফিস | |
| ৬। | মোছা: মুন্নি আক্তার, [illegible] - তথ্যকেন্দ্র [illegible], | |
| ৭। | মো: জাহাঙ্গীর আলম, P.I.O | |
| ৮ | রুহুল ইসলাম, এজিএম পল্লী বিদ্যুৎ | |
| ৯। | নিখিল চন্দ্র বর্মন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | |
| ১০। | মির্জা মনোয়ার হোসেন, উপজেলা যুব উন্নয়ন অফিসার - | |
| ১১ | মো: আসাদুজ্জামান, উপজেলা নির্বাচন অফিসার - | |
| ১২ | এস, এম, জসীম উদ্দিন, UDF- UGDP | |
| ১৩। | আলমগীর মো: রুহুল ইসলাম, সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী | |
| ১৪ | মো: খালিদ হোসেন (URDO) | |
| ১৫। | উপজেলা আইসিটি অফিসার | |
| ১৬. | ডা: বসন্ত চন্দ্র সিংহ, ULO | |
| ১৭, | মো: খালেদ মোশাররফ, SUFO | |
| ১৮, | আহমেদ হোসেন U.E.O | |
| ১৯. | এস এম রবিউল ইসলাম USSO | |
| ২০. | মো: হাবিবুল ইসলাম, UDO | |

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও'র অক্টোবর ২০২৪ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ রমিজ আলম
প্রশাসক, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

তারিখ ঃ ২৪-১০-২০২৪ খ্রিঃ

সময় ঃ সকাল ১১:৩০ টা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**পরিশিষ্ট - 'ক'**- সভায় উপস্থিত সদস্য বৃন্দ, **পরিশিষ্ট - 'খ'**- সভায় অনুপস্থিত সদস্য বৃন্দ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী পীরগঞ্জ। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৮২৩ জন, বহিঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৬,৮০১ জন, অন্তঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,৪১৬ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৬৭ টি, সিজারিয়ান অপারেশন ০০ টি, নবজাতকের মৃত্যু ০০ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ৫০৯ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১৩৯ জনকে। ৩৪ জন ডেঙ্গু রোগী চিকিৎসা গ্রহণ করেছেন। ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি ০১ জন। কোটা আন্দোলন ভর্তিকৃত চিকিৎসা গ্রহণ করেছেন ০২ জন। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৮ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। ৫ম থেকে ৯ম শ্রেণী অথবা সমমানের ছাত্রীদের জরায়ু-মুখ ক্যান্সার প্রতিরোধে এইচপিভি টিকা গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | হাসপাতাল দালালমুক্তসহ ও বিভিন্ন রকম ওষুধ কোম্পানীর প্রতিনিধিকে নিরুৎসাহিত করণের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে ও সেবার মান বৃদ্ধি করতে হবে এবং ৫ম থেকে ৯ম শ্রেণী অথবা সমমানের ছাত্রীদের জরায়ু-মুখ ক্যান্সার প্রতিরোধে এইচপিভি টিকা গ্রহণের প্রয়োজনীয় মনিটরিং জোরদার করতে হবে। | ১) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ২) উপজেলা শিক্ষা অফিসার, ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ৪) ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান (সকল) পীরগঞ্জ। |
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। নিম্ন-বর্ণিত কার্যাবলী সম্পাদিত হয়েছে।<br>১। কৃত্রিম প্রজনন কার্যক্রমঃ ১৩৯৪<br>২। গবাদিপশুর টিকা প্রদানঃ ১০০০<br>৩। হাঁস- মুরগির টিকা প্রদানঃ ৩৩০০০<br>৪। গবাদিপশুর চিকিৎসা প্রদানঃ ৩৭০৪<br>৫। হাসঁ- মুরগির চিকিৎসা প্রদানঃ ২০১৬৯<br>৬। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প পরিচালনাঃ ০১<br>৭। খামারী প্রশিক্ষণ প্রদানঃ ৩০<br>৮। উঠান বৈঠকের আয়োজনঃ ০৬<br>৯। খামার/ ফিডমিল/ হ্যাচারী পরিদর্শনঃ ১০<br>২০২৪ সালের মধ্যে বাংলাদেশ থেকে ছাগল ও ভেড়ার পিপিআর রোগ নির্মূলের লক্ষ্যে “পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের” আওতায় আগামী ০১-১০-২০২৪ খ্রিঃ তারিখ হতে ১৮/১০/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ছাগল ও ভেড়ার ফ্রি পিপিআর টিকা প্রদান করা হবে। এ ক্যাম্পেইন এর আওতায় শতভাগ ছাগল-ভেড়াকে পিপিআর টিকা দেয়া হবে। পীরগঞ্জ উপজেলায় প্রায় ১৪২০০০ ছাগল- ভেড়াকে এ টিকা প্রদান করা হবে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রমসমূহ স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর ও অক্টোবর/২৪ খ্রিঃ মাসে ৪৫ (পঁয়তাল্লিশ) জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ১২ (বার) জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। মাছের অবাধ বিচরণ নির্বিঘ্ন রাখার লক্ষ্যে কারেন্ট জাল, চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল/অবকাঠামো (Fixed Engine) অপসারণ বিষয়ে আলোচনা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, জরায়ু মুখ ক্যান্সার প্রতিরোধে টিকা পাওয়ার লক্ষ্যে ৫ম শ্রেণির সকল শিশুদের রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। অতি শীঘ্রই রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন হবে। শিক্ষার্থী ও শিক্ষক উপস্থিতি নিশ্চিত করণের জন্য মোবাইলে স্কুল শুরুর সময় খোঁজ নেওয়া হচ্ছে। এ বিষয়ে যথাযথ নির্দেশনা দেওয়া হয়েছে। নির্ধারিত প্রমাপ অনুযায়ী পরিদর্শন কার্যক্রম রয়েছে। পরিদর্শনে দেখা যায়, শিশুরা ইংরেজিতে দূর্বল। বাচন ও বাক্যগঠনে দূর্বল। এ বিষয়ে যথাযথ গুরুত্বসহ নজর দেওয়া হচ্ছে। দ্রুত উন্নতি হবে। শীতলপুর সপ্রাবি এর জমি সংক্রান্ত জটিলতা দ্রুত শেষ হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউ.পি. চেয়ারম্যানকে স্থানীয় সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয় করে সমস্যার সমাধান করার জন্য অনুরোধ জানান। এছাড়া ও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | জরায়ু মুখ ক্যান্সার প্রতিরোধে টিকার রেজিস্ট্রেশনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে এবং শীতলপুর সপ্রাবি এর জমি সংক্রান্ত জটিলতা দ্রুত শেষ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ২) ইউনিয়ন চেয়ারম্যান (সকল) পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, নতুন প্রতিবন্ধী হিজড়া, বেঁদে, অনগ্রসর জনগোষ্ঠীর ভাতার জন্য অনলাইন আবেদন চালু হয়েছে। এ বিষয়ে সকল সম্মানিত চেয়ারম্যনগণকে বিষয়সমূহ ব্যাপক প্রচারের নিমিত্ত অনুরোধ করা হয়। ইতোমধ্যে সকল ভাতাসমূহের পে রোল প্রেরণ করা হয়েছে।<br>তিনি আরও জানান, তাঁর কার্যালয়ে সুবিধভোগীগণের বসার জন্য একটি সেড নির্মাণের অনুরোধ জানান।<br>তিনি আরও জানান, গত অর্থ বছরে তাঁর বিভাগের একটি কক্ষ নির্মাণের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছিল। কিন্তু দুইটি আম গাছ থাকায় অর্থ ফেরত প্রদান করা হয়। তিনি দুইটি আম গাছ কর্তণের জন্য কমিটিকে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। অন্যথায় বর্তমান অর্থ বছরে টাকা বরাদ্দ পাওয়া গেলেও উক্ত টাকা ফেরত প্রদান করতে হবে। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | নতুন প্রতিবন্ধী হিজড়া, বেঁদে, অনগ্রসর জনগোষ্ঠীর ভাতার জন্য অনলাইন আবেদন চালুর বিষয়টি ব্যাপকভাবে প্রচারের জন্য এবং উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়ে একটি রুম নির্মাণের জন্য দুইটি আম গাছ কর্তণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **১) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ২) উপজেলা প্রকৌশলী, ৩) এসএফপিসি, ৪) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) পীরগঞ্জ।** |
| ১০ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>**পীরগঞ্জ :**<br>চাল আমন ২০২৩-২৪: ৬১৪.১৯৬ মে:টন, চাল বোরো ২৪: ৪৫৪৭.১১৫ মে:টন, ফলিত: ৮৪১.৭৭৬ মে:টন। সর্বমোট চাল ৬০০৩.০৮৭ মে: টন, গম আমদানিকৃত: ৫৭.৮৯২ মে:টন ও সর্বমোট খালি বস্তা ২২,০৬৯ খানা।<br>**ভোমরাদহ :**<br>চাল বোরো ২৪: ৮২৩.০৫০ মে:টন, চাল বোরো ফলিত ২০২৪: ২২৭.৫০০ মে:টন। সর্বমোট চাল ১০৫০.৫৫০ মে: টন, ধান বোরো ২০২৪: ১৫৮.৬৪৭ মে:টন ও সর্বমোট খালি বস্তা ৩,২৯২ খানা।<br>এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ।** |
| ১১ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ খ্রি: অর্থ বছরে ১৫ টি বক্স কালভার্টের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন ঃ<br>**১) ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম ঃ** এই কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের উপকারভোগী মোট ২,৫৫৮ জন। সেপ্টেম্বর ২০২৪ মাসে খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অক্টোবর ২০২৪ মাসের ডিও প্রদান করা হবে।<br>**২) মা ও শিশু সহায়তা তহবিল ঃ** ২০২৪-২০২৫ অর্থবছরের "মা ও শিশু সহায়তা তহবিল" কর্মসূচির আওতায় জুলাই ২০২৪ হতে প্রতি ইউনিয়নে ০৯ জন করে উপকারভোগী বরাদ্দ পাওয়া গেছে। কার্যক্রম চলমান রয়েছে।<br>**৩) মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম ঃ** মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম এর আওতায় মোট ৩২১ জন মহিলাকে ঋণ প্রদান করা হয়েছে। ঋণ | সকল ভাতা যেন নীতিমালা অনুযায়ী হয়, সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গ্রহিতাকে ৪,২০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। ঋণ আদায়ের হার ১০০%।<br>**৪) মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) ঃ** "আধুনিক দর্জিবিজ্ঞান ও এমব্রয়ডারী" ট্রেডে অক্টোবর/২৪ হতে ডিসেম্বর/২৪ পর্যন্ত ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>**৫) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প ঃ** অত্র উপজেলায় ১১ টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত ৪র্থ (চতুর্থ) ব্যাচে নতুন ক্লাব সদস্য ভর্তি করা হয়েছে। প্রতি ক্লাব সদস্যদের ৩০ টাকা হারে পুষ্টিকর/স্বাস্থ্যসম্মত নাস্তা সরবরাহ করা হচ্ছে।<br>**৬) উঠান বৈঠক/আলোচনা সভা ঃ** যৌতুক, বাল্যবিবাহ, মানবপাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সভা ও উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত আছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | | |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপঃ সহকারি প্রকৌশলী সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।<br>১. PSWSC প্রকল্প থেকে ০১ টি রুরাল ওয়াটার সাপ্লাই স্কিমের পানির উৎস স্থাপন কাজ এর স্থান নিবার্চন প্রসঙ্গে।<br>২. PSWSC প্রকল্প থেকে ১৮ টি কমিউনিটি বেসড ওয়াটার সাপ্লাই স্কিমের পানির উৎস স্থাপন কাজ এর স্থান নিবার্চন প্রসঙ্গে।<br>3. PSWSC প্রকল্প থেকে ১২০ টি অগভীর নলকূপের পানির উৎস স্থাপন কাজ এর স্থান নিবার্চন প্রসঙ্গে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা বর্তমানে ১৩০টি। ইতিমধ্যে বার্ষিক আডিট সম্পন্ন হয়েছে ১৩০ টি। বিগত মাসে ৬৫ টি বর্তমান মাসে ১৪ টি মোট ৭৬ টি সমিতি অডিট সম্পন্ন হয়েছে। সমিতির তদারকী কার্যক্রম নিয়মিত করা হচ্ছে প্রতিমাসে ০৪ টি সমিতি পরিদর্শন করা হয়। সমিতিগুলির ব্যবস্থাপনা কমিটি নিয়মিত করার লক্ষ্যে এ পর্যন্ত মোট ২০ টি সমিতির নির্বাচন কার্যক্রম যথাযথ ভাবে সম্পন্ন করা হয়। বাকিগুলির নির্বাচন কার্যক্রম চলছে। উপজেলার বর্তমান বৎসরে ২৮ টি সমবায় সমিতি নির্বাচন অনুষ্ঠিত হবে। বর্তমান অর্থ বছরে অডিট ফি (রাজস্ব) ৪৮,৭৩৮/- টাকা এবং সরকারি ভ্যাট ৭,৩১১/- টাকা। সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়। সমবায় উন্নয়ন তহবিল ৭১,৭৩০/- টাকা অনলাইন ডিডির মাধ্যমে জমা করা হয়। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথারিতি চলছে।<br>এছাড়াও জনগাঁও আশ্রায়ণ প্রকল্প ফেইজ- ২ পকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত = ১৪,৮৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। আলোচ্য মাসে আদায় নাই। মোট আসল আদায় ৯,৭৮,২১০/- টাকা এবং সার্ভির্স চার্জ ৭৮,৩৯০/- টাকা। বর্তমান মাসে আদায় নাই। অনাদায়ী টাকা আদায়ের জোড় প্রচেষ্টা চলছে। আদায়ের শতকরা হার ৬৫%। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।** |

<table>
<tr>
<td>১৫</td>
<td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><td>মোটা ঋণ তহবিল</td><td>১৫৬৮৮৮৫০/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণ বিতরণ</td><td>০</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে আদায়</td><td>৫৩০৪৩০/-</td></tr>
<tr><td>চলতিআদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণীর সংখ্যা</td><td>০</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>৩০ জন</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে আত্নকর্মি</td><td>১৬ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ</td><td>১৬২৭৯২৫০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য</td><td>১৬০৮৯৩৬২৫/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়</td><td>১৫৮০৫৭৩০৭/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণীর সংখ্যা</td><td>২৯৫৬৬ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>৯৮৯৩ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আত্নকর্মি</td><td>৪৮৪৮ জন</td></tr>
</table>
</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>০১.আমন ফসলের পুর্বাভাস (অংশ-২)<br>০২. পাট ফসলের মুল্য ও উৎপাদন খরচ জরিপ<br>০৩. ৫টি অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব<br>০৪. ০১টি স্থায়ী ফসলের আনুমানিক হিসাব<br>০৫. মাসিক কৃষি মজুরীর তথ্য সংগ্রহ<br>০৬. SVRS জরিপের পীরগঞ্জ উপজেলায় ৩ টি PSU তে সেপ্টেম্বর মাসের তথ্য সংগ্রহ কাজ চলমান।<br>০৭. Health and Morbility Studies Survey (HMSS) জরিপের ৩ টি PSU তে লিস্টিং কাজ সম্পন্ন করা হয়েছে।<br>০৮. "Household Baised Environment Survey 2024" শীর্ষক জরিপের ডাটা ভ্যালিডেশন কার্যক্রম চলমান।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভুত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভুত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভুত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫৮.৩৬</td><td>১.১০</td><td>১২৭.৫০</td><td>১৪১.৩২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্ত্তক কৃষি</td><td>৭২.৭৪</td><td>-</td><td>৬৩.৮৪</td><td>৪৬.১৬</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>-</td><td>২২.৫০</td><td>১৫.৩৪</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.৩০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৫১.৩২</td><td>১.১০</td><td>২১৪.৪৬</td><td>২০৫.৩০</td><td>৯২%</td><td>৬০০</td></tr>
</table>
</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৮</td>
<td>উপজেলা বন বিভাগ</td>
<td>উপজেলা বন (ভারপ্রাপ্ত) কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td>
<td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td>
<td>এসএফপিসি, পীরগঞ্জ।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | উপজেলা বরেন্দ্র বিভাগ | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, সভায় জানান যে, বর্তমানে মোট ২৭১ টি সেচযন্ত্র মাঠে ব্যবহার হচ্ছে। এর মধ্যে গভীর নলকুপ ২১৮ টি, বিদ্যুৎ চালিত এলএলপি ৩৭ টি এবং সোলার এলএলপি ২০ টি। বিএমডিএ এর সেচের আওতায় আমন ধান ও শাক-সবজিসহ বিভিন্ন ফসল রয়েছে। উপকারভোগী কৃষক পরিবার রয়েছে প্রায় ১০৪৫০ টি। সর্বপরি বিএমডিএ, পীরগঞ্জ উপজেলা পরিচালিত সেচ পরিস্থিতি স্বাভাবিক এবং সন্তোষজনক রয়েছে। বৃহত্তর দিনাজপুর ও জয়পুরহাট জেলায় বাস্তবায়নাধীন প্রকল্পটির অন্যান্য কার্যক্রমের মধ্যে চারটি সরকারি পুকুর খননের কাজ চলমান রয়েছে এবং দুইটির কাজ শেষ হয়েছে।<br>এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে। | সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২০ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২১ | পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি'র এজিএম সভায় জানান যে, নিরাপদ বিদ্যুৎ ব্যবহার। অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার আইন পরিপন্থী ও অনিরাপত্তাই বৈদ্যুতিক দূর্ঘটনা পরিহারের জন্য নিরাপদ বিদ্যুৎ ব্যবহার করি। পীরগঞ্জ জোনাল অফিসের আওতায় সকল ধরনের আবেদন গ্রহণ করা হচ্ছে এবং নিয়মানুযায়ী বিদ্যুৎ সংযোগ কার্যক্রম চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ। |
| ২২ | উপজেলা আইসিটি বিভাগ | উপজেলা আইসিটি অফিসার সভায় জানান যে, উইমেন আইটি সার্ভিস প্রোভাইডার প্রশিক্ষণ কোর্স এর চার (০৪) টি ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম ০৫ অক্টোবর, ২০২৪ খ্রিঃ তারিখে শুরু হয়েছে। পীরগঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয়ে দুই (০২) টি ও পীরগঞ্জ পি.এস উচ্চ বিদ্যালয়ে দুই (০২) টি ব্যাচের ছয় (০৬) মাস ব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া নারী ফ্রিল্যান্সিং, ওয়েব ডেভেলপমেন্ট, ডিজিটাল মার্কেটিং প্রশিক্ষণ ব্যাচের উননব্বই তম (৮৯) ক্লাশ চলমান রয়েছে। প্রশিক্ষণ কার্যক্রমসমূহ ১৩২ দিন ব্যাপী চলমান থাকবে। তিনি সভায় আরো জানান যে, SET Centre (উপজেলা আইসিটি অফিস) নির্মাণ কাজ চলমান রয়েছে। বর্তমানে উডেন ডেকোরেশন এর কাজ চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা আইসিটি অফিসার, পীরগঞ্জ। |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | ইউডিএফ সভায় জানান যে, ইউজিডিপি প্রকল্পের ২০২২-২৩ এবং ২০২৩-২০২৪ খ্রিঃ অর্থ বছরের সমাপ্ত কার্যক্রমের অডিট সম্পন্ন করা হবে। পীরগঞ্জ উপজেলার অডিট টিম অডিট কার্যক্রম পরিচালনা করবেন। তাই, উক্ত বিষয়ে সহযোগিতা করার জন্য উপজেলা প্রকৌশলী এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান। | ইউজিডিপি প্রকল্পের ২০২২-২৩ এবং ২০২৩-২০২৪ খ্রিঃ অর্থ বছরের অডিট বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) ইউডিএফ<br>২) সি.এ<br>উপজেলা পরিষদ কার্যালয়, পীরগঞ্জ। |
| ২৪ | তথ্যসেবা কেন্দ্র | তথ্যসেবা আপা সভায় জানান যে, মোট ৫১৭ জন সেবা গ্রহিতাকে সেবা প্রদান করা হয়েছে। তথ্যকেন্দ্রের কার্যক্রম চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি ও নিরাপদ খাদ্য, আইনগত সহায়তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণের সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা তথ্যসেবা আপা, পীরগঞ্জ। |

সভাপতি প্রশাসক, উপজেলা পরিষদ সভায়, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারি বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১০/২০২৪

(মোঃ রমিজ আলম)
প্রশাসক
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**
**https://pirganj.thakurgaon.gov.bd**

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-৭৬(৫০)

তারিখ: ০৮ কার্তিক ১৪৩১ / ২৪ অক্টোবর ২০২৪

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা............................................................ (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,............................................ (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,...................................................... ।

২৪/১০/২০২৪

(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

### সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

| ক্রমিক নং | কর্মকর্তা | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ২ | চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৩ | চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৪ | চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৫ | চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৬ | চেয়ারম্যান, ৭ নং হাজীপর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৭ | চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৮ | চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৯ | চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ১০ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১১ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১৭ | উপঃ সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা সমবায় কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২২ | সহকারি প্রকৌশলী, বরেন্দ্র | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ২৪ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি'র প্রতিনিধি এজিএম | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা আইসিটি কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৬ | ইউডিএফ, ইউজিডিপি, স্থানীয় সরকার বিভাগ | স্বাক্ষরিত |
| ২৭ | তথ্যসেবা আপা | স্বাক্ষরিত |

**(বিঃদ্রঃ জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

# সভায় অনুপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'খ'

| ক্রমিক নং | কর্মকর্তা | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | উপজেলা প্রকৌশলী | অনুপস্থিত |
| ২ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা | অনুপস্থিত |
| ৩ | উপজেলা কৃষি কর্মকর্তা | অনুপস্থিত |
| ৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | অনুপস্থিত |
| ৫ | এসএফপিসি | অনুপস্থিত |

**(বি:দ্রঃ জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**